# THE INSTITUTE OF BANKERS, BANGLADESH (IBB)

6th Banking Professional Examination, 2025

**JAIBB**

LAWS AND PRACTICE OF GENERAL BANKING (LPGB)

**Subject Code :** | 1 | 0 | 4 |

Time—3 hours

Full marks—100

**Pass marks—45**

*[N.B. Answer the questions as mentioned in different parts.]*

## Part A—Broad Questions

(Answer any **two** questions)

Marks—20×2=40

1. *(a)* Explain how a creditor can file a suit under the Bankruptcy Act, 1997. What legal measures are available to a creditor if a debtor conceals on fraudulently transfers properly before the declaration of bankruptcy?

   *(b)* Under what circumstances can a debtor voluntarily file for bankruptcy? What are the consequences for a debtor after bankruptcy is filed?

2. *(a)* Define money laundering under the Money Laundering Prevention Act, 2012. What are the punishments for providing false information under the Act?

   *(b)* What do you know about CTR and STR? Mention some of the indicators of suspicious transition and write the procedure to submit STR.

3. *(a)* Define the term 'registration' under the Registration Act, 1908. What are the legal consequences if a document that is required to be compulsorily registered under the Act is not registered with respect to immovable properly?

   *(b)* Define gift. What are the essential elements of a valid gift under the Act?

4. *(a)* Define dormant account. What are the consequences of dormant account? What precautions would you take in dealing with a dormant account?

   *(b)* Why positive pay instruction is important to honor a cheque? What precaution to be taken in opening a student account and a minor account?

*[Please turn over*

## Part B—Mathematical Problem

(Answer any **one** question)

Marks—10×1=10

5. A customer wants to know the exact interest payable on a Fixed Deposit Receipt (FDR) of BDT 10·00 lakh for a tenure of six months. Assuming the current interest on fixed deposits is 10% per annum, calculate the exact amount of interest payable at maturity.

6. ABC Bank has the following financial data as of December 31st.

   Tier-1 Capital : BDT 1500 crore

   Tier-2 Capital : BDT 500 crore

   Deductions from capital : BDT 200 crore

   Total Risk Weighted Assets (RWA) : BDT 18000 crore.

   Calculate the Capital Adequacy Ratio (CAR) of the banks. Based on your calculation assess whether ABC Bank complies with the minimum regulatory capital requirements including the capital conservation buffer as per Bangladesh Bank guidelines.

## Part C—Problem Solving

(Solve any **one** case)

Marks—20×1=20

7. **Case-1 :** Cheque Dishonor Under Negotiable Instruments Act, 1881.

   **Background :**

   Iqbal Traders, a wholesaler, sold electronic goods worth BDT 3,00,000 to Mr. Karim on credit to settle the transaction, Mr. Karim issued a cheque dated 10th January 2024, drawn on ABC Bank, payable to Iqbal Traders.

   Iqbal Traders presented the cheque for encashment on 11th January 2024, but it was returned unpaid with the remarks 'Insufficient Funds' on 13th January 2024.

   Iqbal Traders sent a legal notice on 17th January 2024 demanding payment within 15 days as per section 138 of the Negotiable Instruments Act, 1881. Mr. Karim failed to make the payment within the stipulated period.

   Iqbal Traders filed a criminal complaint under section 138 of the Act on 5th February 2024.

   **Answer the following questions in light of the facts presented in the case :**

   *(i)* Explain the essential conditions that must be satisfied to constitute an offence under section 138. Do the facts of this case satisfy all the conditions?

*(ii)* Evaluate whether Iqbal Traders followed the legal procedure under section 138. Did they comply with the timeline prescribed for issuing notice and filing the complaint. Support your answer with relevant time calculations.

*(iii)* What are the legal consequences for Mr. Karim under section 138 upon filing to make payment after receiving the legal notice? What possible defences, if any, can he raise in his favour?

*(iv)* If the criminal complaint under section 138 fails, what alternative legal options are available to Iqbal Traders for recovering the debt?

**8.** **Case-2 :** Willful default by M/S Skyscraper Ltd.

**Case Scenario :**

M/S Skyscraper Ltd. a renowned real estate company, availed a term loan of BDT 500 crore from ABC Bank in 2020. The loan was sanctioned for the development of a commercial real estate project in Dhaka.

By mid 2023, the company defaulted on repayments. Upon investigation, the bank found :

- The company had diverted a substantial portion of the loan amount to unrelated business activities.
- Directors has siphoned off funds to associate companies owned by family members.
- The project site remained largely undeveloped and there were no visible signs of construction progress.
- Despite defaulting, the promoters continued to maintain a lavish lifestyle and acquired high value personal assets abroad.

Based on this, ABC Bank initiated action under Bangladesh Bank's guidelines and declared M/S Skyscraper Ltd. as a willful defaulter.

**Based on the case study above, answer the following questions :**

*(i)* Define willful defaulter as per Bangladesh Bank guidelines.

*(ii)* Based on the case, indentify and explain the actions taken by ABC Bank that justify their classification as a willful defaulter.

*(iii)* How does classification as a willful defaulter impact M/S Skyscraper Ltd's future operations?

*(iv)* Should the directors of M/S Skyscraper Ltd. be held personally liable? Justify your answer with reasons.

*[Please turn over*

## Part D—Understanding Terminology

(Answer any **five** questions)

Marks—2×5=10

9. Compare and contrast between any **five** of the following :

(*a*) Impressed Stamp vs Embossed Stamp

(*b*) Guarantee vs Indemnity

(*c*) Nostro Account vs Vostro Account,

(*d*) Fixed Charge vs Floating Charge

(*e*) Pledge vs Hypothecation

(*f*) Broad Money vs Narrow Money

(*g*) Memorandum of Association vs Articles of Association

(*h*) CRR vs SLR.

## Part E—Short Questions

(Answer **all** the Questions)

Marks—2×10=20

10. Briefly answer the following questions :

(*a*) According to Bangladesh Bank guidelines what percentage of immovable properly can a financial institutions acquire or hold, relative to its paid up capital and reserves?

(*b*) What is the minimum monetary value of a suit that can be filed in the Artha Rin Adalat?

(*c*) Which act regulates the use of digital signatures in Bangladesh?

(*d*) As per the ICT Act, 2006, what is the retention period for electronic records in Bangladesh?

(*e*) What is the punishment for conducting financing business without a valid license under the Financial Institutions Act, 1993?

(*f*) What do you know about Contact Point Verification (CPV)?

(*g*) What is standing instructions?

(*h*) What is the significance of crossing a cheque?

(*i*) What is the limitation period for filing a suit for breach of contract?

(*j*) Which document must a customer submit to the bank to obtain a duplicate Fixed Deposit Receipt (FDR)?

[বাংলা অনুবাদ]

[দ্রষ্টব্য : ভিন্ন ভিন্ন অংশের নির্দেশনা অনুযায়ী প্রশ্নের উত্তর প্রদান করতে হবে।]

## অংশ ক—বিশদ প্রশ্নাবলি

(যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন)

মান—২০×২=৪০

১। (ক) দেউলিয়া আইন, ১৯৯৭ অনুযায়ী একজন ঋণদাতা কীভাবে মামলা দায়ের করতে পারেন তা ব্যাখ্যা করুন। যদি কোনো ঋণগ্রহীতা দেউলিয়া ঘোষিত হওয়ার পূর্বে তার সম্পত্তি গোপন করে বা প্রতারণার মাধ্যমে অন্যত্র স্থানান্তর করে, তাহলে ঋণদাতা কী ধরনের আইনি পদক্ষেপ গ্রহণ করতে পারেন?

(খ) কোন পরিস্থিতিতে একজন ঋণগ্রহীতা স্বেচ্ছায় দেউলিয়া মামলা দায়ের করতে পারেন? দেউলিয়া মামলা দায়ের করার পর ঋণগ্রহীতার কী পরিণতি হতে পারে?

২। (ক) মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ অনুযায়ী মানি লন্ডারিং বলতে কী বুঝায়? উক্ত আইনের অধীনে ভুল তথ্য প্রদানের জন্য কী কী শাস্তির বিধান রয়েছে?

(খ) CTR এবং STR বলতে কী বুঝায়? সন্দেহজনক লেনদেন চিহ্নিতকরণের কিছু সূচক বা লক্ষণ বর্ণনা করুন এবং STR দাখিল করার পদ্ধতি বর্ণনা করুন।

৩। (ক) নিবন্ধন আইন, ১৯০৮ অনুযায়ী 'নিবন্ধন' বলতে কী বুঝায়? আইন অনুযায়ী যেসব দলিল নিবন্ধন করা বাধ্যতামূলক সেগুলোর নিবন্ধন না করা হলে অস্থাবর সম্পত্তির ক্ষেত্রে কী ধরনের আইনি প্রভাব পড়তে পারে?

(খ) উপহার কী? আইন অনুযায়ী বৈধ উপহারের প্রধান উপাদানগুলো কী কী?

৪। (ক) 'ডরমেন্ট এ্যাকাউন্ট' বা তামাদি হিসাব বলতে কী বুঝায়? এ ধরনের হিসাবের পরিণতি কী? তামাদি হিসাব ব্যবস্থাপনার ক্ষেত্রে কী কী সতর্কতা অবলম্বন করা উচিত?

(খ) একটি চেক অনার করার জন্য পজিটিভ পে ইন্সট্রাকশন গুরুত্বপূর্ণ কেন? একজন ছাত্র ও একজন অপ্রাপ্ত বয়স্ক (মাইনর) এর হিসাব খোলার সময় কী কী সতর্কতা অবলম্বন করা উচিত?

## অংশ খ—গাণিতিক সমস্যা

(যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন)

মান—১০×১=১০

৫। একজন গ্রাহক আপনার শাখায় ১০.০০ লক্ষ টাকার ৬ মাস মেয়াদি একটি মেয়াদি আমানত (FDR) করলেন। আপনার ব্যাংক যদি ৬ মাস মেয়াদি আমানতের উপর বার্ষিক ১০% হারে সুদ প্রদান করে তাহলে উক্ত গ্রাহক মেয়াদান্তে কত টাকা সুদ পাবেন?

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

৬। ABC ব্যাংকের ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখ স্থিতিভিত্তিক আর্থিক তথ্য নিম্নরূপ :

টিয়ার-১ মূলধন : ১৫০০ কোটি টাকা

টিয়ার-২ মূলধন : ৫০০ কোটি টাকা

মূলধন হতে বিয়োগযোগ্য সমন্বয়ের পরিমাণ : ২০০ কোটি টাকা

মোট ঝুঁকিভিত্তিক সম্পদ (RWA) : ১৮০০ কোটি টাকা।

(ক) ব্যাংকটির মূলধন পর্যাপ্ততার হার (CAR) নির্ণয় করুন।

(খ) ABC ব্যাংক কি Capital Conservation Buffer-সহ ন্যূনতম মূলধন সংরক্ষণের বাধ্যবাধকতা পূরণ করেছে? বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী মূল্যায়ন করুন।

## অংশ গ—সমস্যা সমাধান

(যে কোনো একটি সমস্যা সমাধান করুন)

মান—২০×১=২০

৭। **কেস-১ : নেগোশিয়েবল ইন্সট্রুমেন্ট আইন, ১৮৮১ অনুযায়ী চেক অবমাননা।**

**পটভূমি :**

ইকবাল ট্রেডার্স, একজন পাইকারী ব্যবসায়ী জনাব করিমের নিকট বাকিতে ৩,০০,০০০ টাকা মূল্যের ইলেকট্রনিক পণ্য বিক্রি করেন। লেনদেন নিষ্পত্তির জন্য জনাব করিম ১০ জানুয়ারি, ২০২৪ তারিখে ABC ব্যাংকের উপর ইকবাল ট্রেডার্সের অনুকূলে একটি চেক ইস্যু করেন।

ইকবাল ট্রেডার্স ১১ জানুয়ারি, ২০২৪ তারিখে নগদায়নের জন্য চেকটি ব্যাংকে জমা দেন। কিন্তু ১৩ জানুয়ারি, ২০২৪ তারিখে 'অপর্যাপ্ত তহবিল' মর্মে চেকটি ফেরত আসে।

এরপর ইকবাল ট্রেডার্স ১৭ জানুয়ারি, ২০২৪ তারিখে নেগোশিয়েবল ইন্সট্রুমেন্ট আইন, ১৮৮১ এর ১৩৮ ধারা অনুযায়ী ১৫ দিনের মধ্যে পরিশোধের দাবি করে একটি আইনি নোটিশ প্রেরণ করেন। জনাব করিম নির্ধারিত সময়ের মধ্যে অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন।

পরবর্তীতে ইকবাল ট্রেডার্স ৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে উক্ত আইনের ১৩৮ ধারা অনুযায়ী একটি ফৌজদারি মামলা দায়ের করেন।

**উপরোক্ত তথ্যের আলোকে নিম্নের প্রশ্নসমূহের উত্তর দিন :**

(ক) ধারা ১৩৮ অনুসারে একটি অপরাধ প্রমাণিত হওয়ার জন্য কোন কোন মৌলিক শর্তসমূহ পূরণ হওয়া আবশ্যক? উপরোক্ত কেসের ক্ষেত্রে এই শর্তসমূহ পূরণ হয়েছে কি?

(খ) ধারা ১৩৮ অনুযায়ী ইকবাল ট্রেডার্স কি যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণ করেছে? তারা কি নোটিশ প্রদান ও মামলা দায়েরের ক্ষেত্রে নির্ধারিত সময়সীমা মেনে চলেছে? প্রাসঙ্গিক সময় গণনার মাধ্যমে আপনার উত্তরের পক্ষে যুক্তি দিন।

(গ) আইনি নোটিশ পাওয়ার পর অর্থ পরিশোধে ব্যর্থ হওয়ার কারণে ধারা ১৩৮ অনুযায়ী জনাব করিমের বিরুদ্ধে কী আইনি ব্যবস্থা নেয়া যেতে পারে? তার পক্ষেই বা কী যুক্তি উপস্থাপন করা যেতে পারে?

(ঘ) যদি ধারা ১৩৮ অনুসারে দায়ের করা ফৌজদারি মামলা ব্যর্থ হয়, তাহলে ইকবাল ট্রেডার্সের জন্য ঋণের অর্থ আদায়ের বিকল্প কোন আইনি পথ খোলা রয়েছে?

৮। কেস-২ : "মেসার্স স্কাইক্র্যাপার লিঃ কর্তৃক ইচ্ছাকৃত ঋণখেলাপ"

প্রেক্ষাপট :

মেসার্স স্কাইক্র্যাপার লিঃ একটি খ্যাতনামা রিয়েল এস্টেট কোম্পানি ২০২০ সালে ABC ব্যাংক থেকে ৫০০ কোটি টাকার একটি মেয়াদি ঋণ গ্রহণ করে। ঋণটি ঢাকায় একটি বাণিজ্যিক রিয়েল এস্টেট প্রকল্প বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয়েছিল।

২০২৩ সালে গ্রাহক প্রতিষ্ঠানটি ঋণ পরিশোধে ব্যর্থ হয়। তদন্তে ABC ব্যাংক দেখতে পায় :

- গ্রাহক ঋণের বড় একটি অংশ ব্যবসা বহির্ভূত খাতে ব্যয় করেছে।
- পরিচালকেরা ঋণের অর্থ পরিবারের মালিকানাধীন সহযোগী প্রতিষ্ঠানে স্থানান্তর করেছে।
- প্রকল্পটি অসম্পন্ন রয়েছে এবং নির্মাণ কাজের দৃশ্যমান কোনো অগ্রগতি নেই।
- ঋণখেলাপি হলেও উদ্যোক্তারা বিলাসী জীবনযাপন অব্যাহত রেখেছেন এবং বিদেশে মূল্যবান সম্পদ অর্জন করেছেন।

উপরোক্ত প্রেক্ষাপটে ABC ব্যাংক বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করে এবং মেসার্স স্কাইক্র্যাপার লিঃ কে ইচ্ছাকৃত ঋণখেলাপি হিসেবে ঘোষণা করে।

**বর্ণিত কেসের ভিত্তিতে নিম্নোক্ত প্রশ্নসমূহের উত্তর দিন :**

(ক) বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন অনুযায়ী 'ইচ্ছাকৃত ঋণখেলাপি' বলতে কী বুঝায়?

(খ) কোন ঘটনার প্রেক্ষিতে ABC ব্যাংক স্কাইক্র্যাপার লিঃ কে ইচ্ছাকৃত ঋণখেলাপি হিসেবে ঘোষণা করেছে তা চিহ্নিত করুন এবং এর যৌক্তিকতা ব্যাখ্যা করুন।

(গ) ইচ্ছাকৃত ঋণখেলাপি হিসেবে ঘোষিত হওয়ার কারণে গ্রাহক প্রতিষ্ঠানটির ভবিষ্যত কার্যক্রমে কী প্রভাব পড়তে পারে?

(ঘ) স্কাইক্র্যাপার লিঃ-এর পরিচালকদেরকে কি ব্যক্তিগতভাবে দায়ী করা যায়? উপযুক্ত আইনি যুক্তিসহ আপনার মতামত উপস্থাপন করুন।

## অংশ ঘ—পরিভাষার ব্যাখ্যা

(যে কোনো পাঁচটির উত্তর দিন)

মান—২×৫=১০

৯। নিম্নের যে কোনো পাঁচটির মধ্যে তুলনামূলক আলোচনা করুন :

(ক) ইমপ্রেসড স্ট্যাম্প বনাম এম্বোসড স্ট্যাম্প

(খ) মেমোরেন্ডাম অব এসোসিয়েশন বনাম আর্টিকেল অব এসোসিয়েশন

(গ) গ্যারান্টি বনাম ইনডেমনিটি

(ঘ) নস্ট্রো একাউন্ট বনাম ভস্ট্রো একাউন্ট

(ঙ) ফিক্সড চার্জ বনাম ফ্লোটিং চার্জ

(চ) প্লেজ বনাম হাইপোথিকেশন

(ছ) CRR বনাম SLR

(জ) ব্রড মানি বনাম ন্যারো মানি।

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

## অংশ ঙ—সংক্ষিপ্ত প্রশ্ন

(সকল প্রশ্নের উত্তর দিন)

মান—২×১০=২০

১০। নিচের প্রশ্নসমূহের সংক্ষিপ্ত উত্তর দিন :

(ক) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী একটি আর্থিক প্রতিষ্ঠান তার পরিশোধিত মূলধন ও রিজার্ভের কত শতাংশ অস্থাবর সম্পত্তি ধারণ করতে পারে?

(খ) অর্থ ঋণ আদালতে সর্বোচ্চ কত টাকার মামলা করা যায়?

(গ) বাংলাদেশে ডিজিটাল স্বাক্ষরের ব্যবহার নিয়ন্ত্রণ করে কোন আইন?

(ঘ) আইসিটি আইন, ২০০৬ অনুযায়ী বাংলাদেশে ইলেকট্রনিক রেকর্ড সংরক্ষণের সময়কাল কত?

(ঙ) আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ অনুসারে বৈধ লাইসেন্স ছাড়া অর্থায়ন ব্যবসা পরিচালনার জন্য শাস্তি কী?

(চ) কন্টাক্ট পয়েন্ট ভেরিফিকেশন (সিপিভি) বলতে কী বুঝায়?

(ছ) স্ট্যান্ডিং ইন্সট্রাকশন্স বলতে কী বুঝায়?

(জ) চেক রেখাংকনের গুরুত্ব কী?

(ঝ) চুক্তি লঙ্ঘনের জন্য মামলা দায়েরের তামাদি সময়সীমা কত?

(ঞ) একজন গ্রাহককে ডুপ্লিকেট ফিক্সড ডিপোজিট রসিদ (এফডিআর) পেতে ব্যাংকে কোন দলিল জমা দিতে হয়?